

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৮৪

মোহনপুর, ১৭ ফেব্রুয়ারি, ২০২৪

এমজিএন রেগা : বামুটিয়া ব্লকে ৬,১০,৯৭৩ শ্রমদিবসের কাজ

এমজিএন রেগায় চলতি অর্থবছরে বামুটিয়া ব্লকে ৬ লক্ষ ১০ হাজার ৯৭৩ শ্রমদিবসের কাজ হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৪ কোটি ৪৭ লক্ষ ৬৩ হাজার ২৪৯ টাকা। এতে ব্লকের ১২ হাজার ৮৫৭টি পরিবার কাজ পেয়েছে। এই কর্মসূচিতে ব্লকের ২০টি গ্রাম পঞ্চায়েতে ভূমি সমতলকরণ, নতুন রাস্তা তৈরী, পুরাতন রাস্তা সংস্কার সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে। বামুটিয়া ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
